GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE SUB-DIVISIONAL OFFICER
RAMPURHAT, BIRBHUM

Memo No. 35/c Dated:13/01/2020

# বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন -এর ২৭.০৬.২০১২ তারিখের পত্র নম্বর **HFW/NRHM-20/2006/Part II/1631** এর পরিমার্জিত আদেশনামা অনুযায়ী বীরভূম জেলার রামপুরহাট মহকুমার অন্তর্গত বিভিন্ন ব্লকের নিম্নলিখিত উপস্বাস্থ্যকেন্দ্রের বিভিন্ন উল্লিখিত গ্রামগুলিতে ASHA নিযুক্তির উদ্দেশ্যে ঐ এলাকার অন্তর্গত গ্রামগুলিতে বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**নিয়মাবলীঃ**

১. শুধুমাত্র বিবাহিতা/ বিধবা/ আদালত কর্তৃক ডিক্রীমূলে বিবাহবিছিন্না মহিলারই আবেদন করতে পারবেন।

২. আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের/স্থানের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমানস্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার ভোটার কার্ড (EPIC) বা রেশন কার্ড- এর স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা দিতে হবে। (সাম্প্রতিক ভোটার তালিকার অংশ নং, ক্রমিক নং এর স্ব-প্রত্যয়িত নকল)

৩. সাধারন প্রার্থীর বয়স ১/১/২০২০ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশীলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।বয়সসীমার প্রমাণপত্র হিসাবে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড/ জন্মতারিখের শংসাপত্র অবশ্যই জমা করিতে হইবে।

৪. প্রার্থীকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অনুত্তীর্ন প্রার্থীরও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন, এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার জন্য কোন বাড়তি মূল্যায়ন বা বিবেচনার সুবিধা থাকবে না।

৫. গ্রেড ওয়ান এবং গ্রেড টু স্বনির্ভরগোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কারগন সংশ্লিষ্ট সরকারি বিভাগের শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনার যোগ্য হবেন।

৬. একটি নির্দিষ্ট এলাকার তপশীলি জাতি/উপজাতি জনসংখ্যা যদি ২০০১ সালের জনগণনার তথ্য সাপেক্ষে ৫০% শতাংশের উর্দ্ধে হয়, সেক্ষেত্রে এলাকাটি তপশীলি জাতি/উপজাতি ক্ষেত্রে অগ্রাধিকারের জন্য গণ্য করা হবে।। এবং উপরিউক্ত সমস্ত যোগ্যতা সহ অন্যান্য প্রমাণপত্র জমা দিতে হবে। **এখানে উল্লেখযোগ্য উপরিউক্ত এলাকায় সাধারন প্রার্থীরাও আবেদন করতে পারেন।**

৭. আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত সকল প্রমানপত্রের স্ব-প্রত্যয়িত (Self Attested) প্রতিলিপি জমা করতে হবে-

**ক.** জন্মতারিখের শংসাপত্র/ মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড ।

**খ.** গ্রামের স্থায়ী বাসিন্দার প্রমানস্বরূপ ভোটার কার্ড (EPIC) বা রেশন কার্ড।

**গ.** উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমানপত্র (তপশীলি জাতি ও উপজাতিভুক্ত প্রার্থীদের জন্য)।

ঘ. মাধ্যমিক/সমতুল্য পরীক্ষার মার্কশিট।

ঙ. গ্রেড ওয়ান এবং গ্রেড টু স্বনির্ভরগোষ্ঠীর সদস্য/ প্রশিক্ষণপ্রাপ্ত দাই/ লিংক ওয়ার্কার-এর প্রমাণপত্র (প্রযোজ্য হলে)

চ. প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ কালার ফটো। (একটি ফর্মে সাটা ও অন্যটি Self Addressed খামের মধ্যে)

ছ. উপরিউক্ত প্রমানপত্র গুলির মধ্যে "ক", "খ" ও "ঘ" এ উল্লেখিত শংসাপত্রের একটিও আবেদনপত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। Interview এর পূর্বে প্রার্থীকে অবশ্যই উল্লেখিত প্রমানপত্র গুলির আসল দেখাতে হবে।

জ. উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের Interview এর জন্য Interview Letter, Interview এর তারিখ, সময় ও স্থান উল্লেখপূর্বক যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।

ঝ. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র খারিজ হবে ।

ঙ. বর্তমানে বৈবাহিক স্থিতি সম্পর্কে সাদা কাগজে স্ব- স্বাক্ষরিত হলফনামা জমা করতে হবে।

ট. আবেদনপত্র (প্রার্থীর নাম, ঠিকানা, আবেদিত পদ ও স্থান উল্লেখিত মুখবন্ধ খামে **রেজিস্ট্রার পোষ্ট** দ্বারা ) জমা দেবার স্থান সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করন ( B.D.O office) । **আবেদনপত্র রেজিস্ট্রার পোষ্ট ছাড়া অন্য কোন মাধ্যমে গ্রহণ করা হবে না।**

ঠ. আবেদনপত্র জমা দেবার শেষ তারিখ- **১০.০২.২০২০, সন্ধ্যা ৫.৩০ অবধি। কোন অবস্থাতেই আবেদনপত্র ১০.০২.২০২০ তারিখ,সন্ধ্যা ৫.৩০ পর গ্রহণ করা হবে না।**

ড. শূন্য পদ ভিত্তিক জমা দরখাস্তের যোগ্য আবেদনকারিদেরকেই কেবলমাত্র Interview তে উপস্থিত থাকতে বলা হবে।

আবেদনপত্রের নমুনা সংযোজনী- ১ এবং ব্লকভিত্তিক শূন্যপদের তালিকা সংযোজনী- ২ তে উল্লিখিত হল।

উপরিউক্ত নিযুক্তি কেবলমাত্র উল্লিখিত সরকারী আদেশনামা এবং পরবর্তীকালে প্রাপ্ত এ সংক্রান্ত সরকারী অন্যান্য নির্দেশ অনুযায়ী সম্পন্ন হবে।

13/01/2020

মহকুমা শাসক
রামপুরহাট, বীরভূম

Memo No.35/1(25)/c

Dated: 13/01/2020

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হলঃ-

১. মাননীয় ডঃ আশীষ ব্যানার্জি,কৃষিমন্ত্রী,পশ্চিমবঙ্গ সরকার ও চেয়ারপার্সন ASHA সিলেকশন কমিটি।
২. মাননীয়া শ্রীমতী শতাব্দী রায়, সাংসদ, বীরভূম লোকসভা কেন্দ্র।
৩. মাননীয় শ্রী অসিত কুমার মাল,সাংসদ, বোলপুর লোকসভা কেন্দ্র।
৪. মাননীয় সভাধিপতি, বীরভূম জেলাপরিষদ, বীরভূম।
৫. মাননীয়া জেলা শাসক, বীরভূম।
৬. মাননীয় অতিরিক্ত জেলা শাসক (সাধারণ)/(উন্নয়ন),বীরভূম।
৭. মাননীয় জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক, রামপুরহাট, বীরভূম।
৮. মাননীয় সহ-জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক, রামপুরহাট, বীরভূম।
৯. মাননীয় ডি.পি.ও (ICDS), বীরভূম।
১০. মাননীয়া ডি.পি.এইচ.এন.ও, রামপুরহাট, বীরভূম।
১১-১৭. মাননীয়/মাননীয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক, ........................................................ ব্লক, তাঁর এলাকাধিন সমস্ত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি অফিসে এবং নিজস্ব করণে সম্প্রচারের জন্য।
১৮-২৪. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক................................................ ব্লক , তাঁর এলাকাধিন সমস্ত স্বাস্থ্যকেন্দ্রে এবং নিজস্ব করণে সম্প্রচারের জন্য।
২৫. অফিস নোটিশ বোর্ড, মহকুমা শাসক, রামপুরহাট, বীরভূম

13/01/2020

মহকুমা শাসক
রামপুরহাট, বীরভূম